APR. 09 2002

দৈনিক ইনকিলাব

# মধুখালীতে ডিগ্রী পরীক্ষার উত্তরপত্রস দুই প্রতারক গ্রেফতার

**ফরিদপুর জেলা সংবাদদাতা ঃ** ফরিদপুরের ডিবি পুলিশ একটি গোপন সংবাদের ভিত্তিতে মধুখালী থানাধীন, গুন্দারদিয়া গ্রামের সামাদ শেখের বাড়ী থেকে তার মেয়ে তাছলিমা (২০) ও শাহজাহান (৩০) নামক দুই প্রতারককে ৮৫ খানা ডিগ্রী পরীক্ষার ইংরেজী উত্তরপত্রসহ গত ৩ এপ্রিল গভীর রাতে গ্রেফতার করে। পুলিশ ও এলাকাবাসী সূত্রে জানা গেছে, মধুখালী থানাধীন গুন্দারদিয়া গ্রামের প্রতারক প্রফেসর (প্রাক্তন)-এর কাছে, রাজশাহীর জনৈক পরীক্ষক গত ডিগ্রী পরীক্ষার ৮৫টি উত্তরপত্রের ফটোকপি করে তার বাড়ীর ঠিকানায় পাঠিয়ে দেয়, পরে উক্ত প্রতারক মধুখালী কেন্দ্রের ডিগ্রী পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের পর্যায়ক্রমে খবর দেয় এবং ছাত্র-ছাত্রীদের হাতের লেখা মিলাইয়ে খাতার সঠিক পরীক্ষার্থীকে শনাক্ত করে. প্রতিজনের সাথে ইংরেজী পরীক্ষায় পাস করার জন্য ৫ হাজার টাকা কন্ট্রাক্ট করে। এরই ধারাবাহিকতায় প্রতারকের ফাঁদে পড়ে তাছলিমা। তিনিও ৫ হাজার টাকার বিনিময়ে ইংরেজী খাতায় পাস করতে সম্মতি জানালে, বাদবাকি খাতার পরীক্ষার্থীদের যোগাড় করতে গিয়ে যে কোনভাবে ঘটনা জানা জানি হয়ে যায়, পরে গোপন সংবাদের ভিত্তিতে ফরিদপুর ডিবির



*ফরিদপুর ঃ ডিগ্রী পরী*
*উত্তরপত্রসহ গ্রেফতারকৃত প্রত*
*প্রফেসর শাহজাহান ও তাছলিমা*
*–ইনকি*

ভারপ্রাপ্ত কর্মকর্তার নেতৃত্বে একদল ডি
পুলিশ গভীর রাত পর্যন্ত অভিযান চালিয়ে
স্থানীয় সামাদ শেখের বাড়ী থেকে ৮৫টি
ইংরেজী উত্তরপত্র উদ্ধার করে। এ সম
হাতেনাতে গ্রেফতার হয় প্রতারক শাহজ
ও তাছলিমা। জানা যায়, সব উত্তরপত্রগু
মধুখালী ডিগ্রী পরীক্ষা কেন্দ্রের। ইরেজী
প্রতিটি উত্তরপত্রের কোর্ড নং-১০৫ উক্ত
আসামী দ্বয়ের বিরুদ্ধে ডিবির ওসি
মোজাফফর বাদী হয়ে ১৯৮০ সালের প
নিয়ন্ত্রণ অধ্যাদেশ ৩-এর ১২/১৩ ধারা
মোতাবেক মধুখালী থানায় একটি নিয়মি
মামলা দায়ের করেছেন যার নং-১ তাং
৪-২০০২। আসামী দুইজন এখন
লালঘরে। পুলিশ তদন্তের স্বার্থে অনেক